গাংনীতে পৃথক অভিযানে হেরোইন বিক্রেতাসহ ৩ জন গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া গ্রামের বেনাগাড়িয়া এলাকায় অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ বাবর আলী (৪৫) নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ।

সোমবার দিবাগত রাতে গাংনী থানার এস আই সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। আটক বাবর আলী গাড়াবাড়ীয়া গ্রামের মুত আব্দুল মান্নানের ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে গাড়াবাড়ীয়া গ্রামের বেনাবাড়িয়া এলাকায় অভিযান পরিচালনা করে ৫ গ্রাম হেরোইনসহ তাকে আটক করা হয়। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

এছাড়া গাংনী থানা পুলিশের পৃথক দুটি টিম অভিযান পরিচালনা করিয়া জিআর মামলার ওয়ারেন্টভুক্ত ও নিয়মিত মামলার একজন আসামিকে গ্রেফতার করা হয়।

কোটচাঁদপুরে পুলিশের বাধায় বিএনপির ইউনিয়ন পদযাত্রা পন্ড

বিএনপির কেন্দ্রীয় ঘোষিত ইউনিয়ন পদ যাত্রা কর্মসুচী পালন করেছেন কোটচাঁদপুর বিএনপি।

শনিবার বিকেল ৩ টার সময় এ কমর্সুচী পালন করেন দলটি। পদযাত্রায় পুলিশ বাধা দিয়েছেন এমন অভিযোগ নেতা-কর্মীদের।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,বিএনপির কেন্দ্রীয় ঘোষিত কর্মসুচীর অংশ হিসেবে কোটচাঁদপুরেও বিএনপি ইউনিয়ন পদযাত্রা কর্মসুচীর আয়োজন করেন। এরমধ্যে কোটচাঁদপুরের সাবদারপুর ইউনিয়নের

মেহেরপুরে ১২ বারের মত সফল পুলিশ কর্মকর্তা শাকিল

মেহেরপুর সদর থানার এ এস আই শাকিল হোসেন ১২ বারের মত শ্রেষ্ঠ পুলিশ কর্মকর্তা হিসেবে পুরস্কার লাভ করেছেন।

গতকাল বুধবার মেহেরপুর পুলিশ লাইনস ড্রিল শেডে পুলিশের মাসিক কল্যাণ সভা শেষে পুলিশ সুপার তার হাতে পুরস্কার হিসেবে ক্রেস্ট ও নগদ অর্থ তুলে দেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনসহ পুলিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এএসআই শাকিল সহ জেলায় কর্মরত বেশ কয়েকজন পুলিশ কর্মকর্তা শ্রেষ্ঠ কর্মকর্তা হিসেবে পুরস্কার পেয়েছেন।

মেহেরপুরের পুলিশ সুপার পিপিএম সেবা পদক পাওয়ায় ইউনিট কর্মকর্তাদের ফুলেল শুভেচ্ছা

রাষ্ট্রপতি পুলিশ পদক পিপিএম সেবা প্রাপ্তি পুলিশ সুপার মো: রাফিউল আলম ফুলেল শুভেচ্ছা জানান পুলিশের সকল ইউনিট কর্মকর্তারা।

মঙ্গলবার সকালে পুলিশ সুপার পুলিশ সপ্তাহ শেষে মেহেরপুরের কর্মস্থলে পৌছালে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন, মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল, ডিবির ওসি সাইফুল আলম, ট্রাফিক ইন্সপেক্টর শামিম ফেরদৌস উপস্থিত ছিলেন। পরে বিভিন্ন ইউনিটের প্রধানরা পৃথক

পৃথক ফুলেল শুভেচ্ছা জানান।

প্রসঙ্গত, মেহেরপুর জেলার পুলিশ সুপার মো: রাফিউল আলম, পিপিএম-সেবা তাঁর অসামান্য কৃতিত্বের স্বীকৃতি স্বরূপ পুলিশ সপ্তাহ-২০২৩ এ রাষ্ট্রপতি পুলিশ পদক পিপিএম-সেবা পদকে ভূষিত হন। এছাড়াও মেহেরপুর জেলা পুলিশ সমগ্র বাংলাদেশের পুলিশ ইউনিট সমূহের মধ্যে মেহেরপুর জেলা পুলিশ চোরাচালান মালামাল উদ্ধার অভিযানে ২য় স্থান অধিকার করে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৮ আসামি গ্রেফতার হয়েছে।

রবিবার সন্ধা থেকে আজ সোমবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে ছয় মাসের সাজাপ্রাপ্ত আসামি গোভীপুর গ্রামের এনামুল হকের ছেলে তাজিবুর রহমান।

আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ জন এরা হলো বামনপাড়া গ্রামের মীর হারুনের ছেলে মীর বাপ্পি (২৬), পৌর কলেজ পাড়ার মৃত আবুল কাশেমের ছেলে লালন শেখ, ফৌজদারী পাড়ার শিহাবের ছেলে স্বাধীন।

এছাড়াও সিআর মামলায় দুইজন মহিলাসহ ৪ জন আসামি এরা হলেন সুবিদপুর শিশির পাড়া মালার স্ত্রী মোছা: শ্যামলী খাতুন,ঝাউবাড়ীয়া স্কুলপাড়ার শহিদুল ইসলামের স্ত্রী বুলবুলি খাতুন,আমদাহ গ্রামের ছাকু মন্ডলের ছেলে মো: আজাদ, মেহেরপুর র্কোটপাড়ার হয়রত আলীর ছেলে মো: সোহেল কে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম

নির্দেশে এসআই সঞ্জিব,এএস আই শাকিলসহ পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ সোমবার বিকেলে আদালতে সোপর্দ করা হয়েছে ।

চোরাচালান মালামাল উদ্ধারে দেশের ২য় মেহেরপুর পুলিশ

সারাদেশের মধ্যে চোরাচালান মালামাল উদ্ধারে গ গ্রুপে দ্বিতীয় স্থান উদ্ধার করেছে মেহেরপুর জেলা পুলিশ।

শনিবার পুলিশ সপ্তাহের অনুষ্ঠানে আইজিপি আব্দুল্লাহ আল মামুন মেহেরপুরের পুলিশ সুপার মো: রাফিউল আলমের এ স্বীকৃতির পুরস্কার তুলে দেন।

জানা গেছে, ২০২২ সালে চোরাচালান মালামাল উদ্ধারে গ গ্রুপে সমগ্র দেশের মধ্যে দ্বিতীয় স্থান অধিকার করে মেহেরপুর জেলা পুলিশ। ১৩ টি মামলায় ২১ জন আসামি গ্রেফতারসহ ৮৮ লাখ ৭০ হাজার ৪১৯ টাকার চোরাচালান মালামাল উদ্ধার করেছে জেলা পুলিশ।

মুজিবনগরে ১০০ বোতল ফেনসিডিল উদ্ধার, আসামি পলাতক

পুলিশের মাদক মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে মুজিবনগরে ১০০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ। এ সময় ২ মাদক ব্যাবস্যায়ী পালিয়ে যায়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) মেহেদি রাসেল জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমার নেতৃত্বে শুক্রবার (৭ জানুয়ারি) দিবাগত রাত্রি ২টার সময় মুজিবনগর থানা পুলিশের এস আই উত্তম কুমার,এস আই সাহেব আলীসহ সঙ্গীয় ফোর্স উপজেলার জয়পুর গ্রামস্থ ময়নাতলা মাঠে অভিযান চালিয়ে ১০০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেন।

ওসি জানান, এ সময় পুলিশের উপস্থিতি টের পেয়ে দুজন মাদক ব্যবসায়ী ফেন্সিডিল ফেলে পালিয়ে যায়। উদ্ধারকৃত ফেন্সিডিলের মূল্য অনুমান ২ লক্ষ টাকা।

পলাতক আসামীদের গ্রেফতার অভিযান অব্যাহত আছে। পলাতক আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

গাংনীতে সাজাপ্রাপ্ত আসামীসহ দু’জন গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে সাজাপ্রাপ্ত আসামীসহ দু’জনকে গ্রেপ্তার করেছে।

বুধবার রাতে গাংনী থানা পুলিশের পৃথক দল অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হচ্ছেন- গাংনীর বালিয়াঘাট গ্রামের রেজাউল হকের ছেলে রাসেল (৩২) এবং সহড়াবাড়িয়া গ্রামের ছের আলীর ছেলে হুমায়ন কবীর(৩৩)।

বৃহষ্পতিবার সকালে দুজনকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ধৃত রাসেল ইয়াবাসহ পুলিশের হাতে গ্রেপ্তার হয়। জামিনে এসে রাসেল পলাতক ছিল। ওই মামলায় বিজ্ঞ আদালত ছয় মাসের কারাদণ্ড প্রদান করেন। অপর দিকে, হুমায়ন কবীরের বিরুদ্ধে মাদক মামলা রয়েছে। আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারী পরওয়ানা জারী করায় তাকে গ্রেপ্তার করা হয়।

সাংবাদিক জনি চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার

চাঁদাবাজি ও প্রতারণা মামলায় এশিয়ান টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি সাংবাদিক মিজানুর রহমান জনিকে চুয়াডাঙ্গা শহর থেকে গ্রেফতার করেছে সদর থানা পুলিশ।

গতকাল সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের সহায়তায় তাকে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম তাকে গ্রেফতার করে। তােকে এনটিভির সাংবাদিকের ক্যামেরা ছিনতাই ও চাঁদাবাজি মামলায় গ্রেফতার করা হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি রফিকুল ইসলাম বলেন, এনটিভির সাংবাদিক রেজ আন উলবাসারের দায়ের করা মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়েছে। তার বিরুদ্ধে আরো অনেক অভিযোগ রয়েছে।

গত ২২ নভেম্বর মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে হাজির হয়ে মামলা দায়ের করেন বাদী রেজ আন উল বাসার তাপস। আদালতের বিজ্ঞ বিচারক মামলাটি আমলে নিয়ে মেহেরপুর সদর থানাকে এফআইআরের নির্দেশ দেন।

মামলার এজাহারে বাদীর অভিযোগ, আসামী অত্যন্ত দুর্ধর্ষ, দাঙ্গাবাজ, সন্ত্রাসী এবং চাঁদাবাজ প্রকৃতির লোক। বাদী দীর্ঘ ১১ বছর যাবৎ এনটিভির মেহেরপুর জেলা প্রতিনিধি হিসাবে সেই কর্মরত রয়েছেন। সেই সুবাদে বাদীর সাথে আসামীর পরিচয় হয়। গত ১/১১/২০২১ তারিখে আসামি মেহেরপুর কমিউনিটি সেন্টার কফির দোকানে বসিয়া বলে যে আমি আমার পরিবারের ছবি উঠানোর কথা বলে বাদীর এনটিভির জন্য ব্যবহৃত ডিএসএলআর ক্যামেরা কয়েকদিনের জন্য নেয়। যার মূল্য আনুমানিক এক লাখ টাকা। কিন্তু আসামী মিজানুর রহমান জনি কয়েকদিনের জন্য ক্যামেরা নিলেও আর ফেরত না দিয়ে দিনের পর দিন ঘুরাইতে থাকে। এক পর্যায়ে আসামী ৫০ হাজার টাকা চাঁদার বিপরীতে ক্যামেরা ফেরত দিতে রাজি হয়। বাদি অনুপায় হয়ে বিভিন্ন সময় নগদ ও বিকাশের মাধ্যমে ৪৭ হাজার টাকা দেয়। তারপরেও আসামী ক্যামেরা ফেরত না দিয়ে আজকাল বলে ঘুরাইতে থাকে। পরে বিষয়টি বিভিন্ন জনকে জানালে আসামী

আরো ৩০ হাজার টাকা দাবি করে অন্যাথায় বাদীর ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করবে বলে হুমকি প্রদান করে। এছাড়া আসামী বিভিন্ন সময় বাদীকে নানাভাবে ভয়ভীতি ও প্রাণনাশের হুমকি দেয়। আসামী সাংবাদিক পরিচয় দিয়ে বিভিন্ন মানুষের সাথে প্রতারণা করে চলেছে। আসামীর বিরুদ্ধে আদালতে চাঁদাবাজির মামলা চলমান রয়েছে।

এছাড়া সম্প্রতি হোটেল আটলান্টিকা নিয়ে ব্ল্যাকমেইলার চার সাংবাদিকের মধ্যে মিজানুর রহমান জনি অন্যতম। ওই মামলার আসামি প্রিয়া খান ও ছন্দা খাতুন পৃথক পৃথক জবানবন্দীতে মিজানুর রহমান জনিকে অভিযুক্ত করেছেন। যা নিয়ে গত ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিন সংবাদ প্রকাশ হয়। সংবাদ প্রকাশের পর থেকে মিজানুর রহমান জনি আত্মগোপনে ছিলেন।

দর্শনা থানা পুলিশের অভিযানে ইয়াবাসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ইয়াবা সহ কুড়ুলগাছির বিপুল হাসান (২৩) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে।

সোমবার দুপুর দেড়টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ইন্সপেক্টর এ,এইচ,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত বিশ্বাস, এসআই শামীম রেজা, এসআই সোহেল রানা, এএসআই সানোয়ার হোসেন, এএসআই মামুনুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের কুড়ুলগাছি গ্রামে।

এসময় গ্রামের গুলশানপাড়ার মৃত ফলেহার মন্ডলের ছেলে তারিকুল ইসলামমের বাড়ীর সামনে কাচা রাস্তার উপর হতে বিপুল হাসান (২৩) নামের এক ব্যাক্তির পরিহিত জিন্সের প্যান্টের ডান পকেট থেকে নিজ হাতে বাহির করে দেওয়া ৫০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ তাকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত মাদক ব্যাবসায়ী দামুড়হুদা উপজেলার